

সংবাদ প্রবাহ

জিলিয়ানের জীবনযুদ্ধের কাহিনী খিদিরপুরের পথের ভিখিরি থেকে লক্ষ-কোটি টাকার মালকিন

নিজস্ব সংবাদসূত্র : একেবারে পথের ভিখিরি থেকে লক্ষ কোটি টাকার মালকিন। কলকাতার খিদিরপুরের বিজি বস্তিতে শৈশব কাটিয়ে এই মুহূর্তে নিজেদের স্বাভাবিক লেখিক তিনি। ৪২ বছরের জীবনের এহেন উপান রূপকথাতেও হার মানায়। হ্যাঁ, এই বকরই জীবন আখ্যান এই মুহূর্তে লন্ডনের ম্যাক্সিমার লেখিকা জিলিয়ান হাসলামের। খিদিরপুরে অস্বাস্থ্যকর পরিবেশে জন্ম হয়েছিল জিলিয়ানের। জন্মের সময় থেকে ভিক্ষে করে খাবার কেটেতে হত তাকে। জিলিয়ানের সৈশবে তাকে চোখের সামনে দেখতে হয়েছিল অশুষ্টি ও অনাহারে অন্য ভাই-বোনগুলির অকাল মৃত্যু। তবে জিলিয়ানের লক্ষা ছিল অন্য। ভিক্ষে করে জীবন নির্বাহের পাশাপাশি পড়াশোনার প্রতি আগ্রহ তৈরি হয়েছিল জিলিয়ানের। খেচ্ছ্যসেনী সংস্থার সাহায্য নিয়ে এরপর কিশোরী বয়সে জিলিয়ানকে পড়াশোনার জন্য যেতে হয়েছিল মিজিতে। তারপর উচ্চশিক্ষার জন্য তিনি পড়ি সেন লন্ডনে। জীবনের এহেন চমকপ্রদ উপান খায়, তিনিই যে দরিদ্র ও পথশিশুদের মোটিভেশনের ক্ষেত্রে সেরা বিজ্ঞাপন হতে পারেন, সে কথা উল্লেখ্য না করলেও চলে। মূলত অন্যদের মোটিভেশন করার তালিকেনেই জিলিয়ান বাসেবারে কলকাতায় চলে আসছেন। মোটিভেশনের পাঠ নিচ্ছেন অন্যদের। কিছুদিন আগে তিনি কলকাতায় এসেছিলেন। আগামী মাসেও তাঁর



কলকাতায় আসার কথা। শুধু পথ নিও বা দরিদ্র পরিবারের ছেলেকনেকের অন্যই নয়, জিলিয়ান মোটিভেশনের পাঠ সেবেন কর্পোরেট জগতের লোকজনকেও। একটি বহিঃসভার আমন্ত্রণে জিলিয়ান 'মোটিভেশনাল স্পিকার' হিসেবে কলকাতায় এসে তাঁর জীবনযুদ্ধের লড়াই কাহিনী শোনাবেন সবাইকে। সম্ভারণ মানুষকে কাজের প্রেরণা জুগিয়ে অসংখ্যার হয়ে ওঠার পথ বাতলাবেন তিনি। ওই বহিঃসভার পক্ষ থেকে জানানো হয়েছে এই সবার। এই মুহূর্তে 'মোটিভেশনাল স্পিকার' হিসেবে বিশ্বজোড়া খ্যাতি জিলিয়ানের। রয়েল ব্যাংক অব স্কটল্যান্ডের এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট জুলি ম্যাকিনলে থেকে শুরু করে নিজেদের যুব শিক্ষা বিভাগের প্রধান ডেনিসিয়া জেনস, এমনকি প্রাক্তন সাদেস নিল ও ব্রায়োন, এঁরা প্রত্যেকেই জিলিয়ানে কাছ থেকে মোটিভেশনের পাঠ নিয়েছেন। শুধু তাই নয়, প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিণ্টন ও একজনের প্রেসিডেন্ট পদার্থী হিলারি ক্লিণ্টনের বিশেষ মেসেঞ্জরও জিলিয়ান। ইতিমধ্যে 'ইভিগ্যান ইংলিশ' নামে একটি বই লিখে আরও বিখ্যাত হয়ে গিয়েছেন তিনি। ওই বইয়ের কাহিনী ভিত্তিকে চিত্রনট্যও তৈরি করা হচ্ছে। ইংল্যান্ডের বিদ্য ইন্ডাস্ট্রি লোকজন জিলিয়ানের এহেন চমকপ্রদ কাহিনী নিয়ে ইতিমধ্যেই উৎসাহী হয়ে উঠেছে বলে জানা গিয়েছে।